

## ৯০০(নয়শত) পিচ ইয়াবা সহ ০২(দুই)জন খেফতার



গোপন সংবাদের ভিত্তিতে অদ্য ২৬-২-২০১৪ খ্রিঃ তারিখ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের সূত্রাপুর সার্কেলের পরিদর্শক জনাব মোহাম্মদ ওবায়দুল কবির এর নেতৃত্বে অধিদপ্তরের একটি বিশেষ টিম পল্টন থানাধীন বায়তুল মোকাররম মার্কেটের নূরাণী প্রকাশনীর সামনে আসামী মোঃ হেদায়েত উল্লাহ(৪৬) এর দেহ তল্লাশী করে তার পরিহিত প্যান্টের পকেট হতে ৫টি পলিথিনের প্যাকেটে ৫০০(পাঁচ শত) পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেন। অপর দিকে রমনা সার্কেলের পরিদর্শক জনাব মোঃ আজিজুল ইসলাম, শাহবাগ থানাধীন পুরানো পল্টন মোড় মারিয়া ইলেকট্রনিক্স এর সামনে আসামী মোঃ মিঠু ব্যাপারী(৩২) এর দেহ তল্লাশী করে একটি গোল্ডলিফ সিগারেটের প্যাকেটে ৪০০(চার) শত পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেন। এ ব্যাপারে সূত্রাপুর সার্কেল পরিদর্শক জনাব মোহাম্মদ ওবায়দুল কবির ও রমনা সার্কেলের পরিদর্শক জনাব মোঃ আজিজুল ইসলাম বাদী হয়ে যথাক্রমে পল্টন ও শাহবাগ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দুইটি পৃথক মামলা রঞ্জু করেন। মামলার তদন্ত কার্যক্রম অব্যাহত আছে।

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ নাজমুল কবীর)  
সহকারী পরিচালক (উত্তর)  
ফোন- ৯৫৭৩৮৪০।